

এখানে জীবন

কখনো ঈশান কোণে মেঘ  
কখনো নদীর বুকে ঢেউ  
কখনো হৃদয় জুড়ে শুধু  
তুলির আঁচড় কাটে কেউ

কী ছবি আঁকতে চায় তারা  
কী রঙে জ্যোৎস্না করে খেলা  
কী রঙে স্মৃতির ভরাডুবি  
প্রলয় নাচনে জমে মেলা

সাহসী নাবিক জানে পথ  
সেবিকা প্রভুর মতিগতি  
ফুলের বিপক্ষে যায় ফল  
প্রেমও শিখেছে লাভক্ষতি

দূরের পাহাড় জুড়ে শোক  
হলুদ পাপড়ি ঘিরে ভয়  
কোথায় ঘুমিয়ে আছো একা  
নয়ছয়

মৃগাল বসুচৌধুরী

